

বাংলাদেশ দূতাবাস

এথেঙ্গ, গ্রীস

প্রেস বিজ্ঞপ্তি

এথেঙ্গ, ২৬ মার্চ ২০১৭

বিপুল উৎসাহ-উদ্দীপনায় বাংলাদেশ দূতাবাস, এথেঙ্গ, গ্রীসে স্বাধীনতা দিবস পালন

যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে বাংলাদেশ দূতাবাস, এথেঙ্গ, গ্রীসে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস পালিত হয়। দিবসটি উপলক্ষে দূতাবাসে সকালে জাতীয় পতাকা উত্তোলন করেন গ্রীসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মো: জসীম উদ্দিন। পতাকা উত্তোলনের সময় স্থানীয় বাংলাদেশ কমিউনিটি সংগঠনের নেতৃবৃন্দ, রাজনৈতিক, ব্যবসায়িক ও সাংস্কৃতিক নেতৃবৃন্দ এবং দূতাবাসের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। এরপর জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং মুক্তিযুদ্ধে নিহত শহীদদের আত্মার মাগফেরাত এবং দেশের উন্নয়ন ও কল্যাণ কামনা করে মোনাজাত করা হয়।

মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে দূতাবাস প্রাঙ্গণে দিবসটি উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী ও মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী প্রেরিত বাণী পাঠ করা হয়। এরপর প্রামাণ্যচিত্র ‘স্বাধীনতা আমার স্বাধীনতা’ প্রদর্শন করা হয়। বৈধ পথে রেমিট্যান্স পাঠানো বিষয়ে জনসচেতনতা বিষয়ক দূতাবাস কর্তৃক নির্মিত নাটিকা ‘রেমিট্যান্স’ও প্রদর্শন করা হয়। নাটিকাটি পরিচালনা করেছেন দূতাবাসের কাউন্সেলর (শ্রম) ড. সৈয়দা ফারহানা নূর চৌধুরী। এই নাটকের অভিনেতা, অভিনেত্রী এবং কলাকুশলী সবাই গ্রীসে বসবাসকারী এবং তারা বৈধ পথে দেশে টাকা পাঠান।

দূতাবাসের প্রথম সচিব সুজন দেবনাথের সঞ্চালনায় দিবসটির গুরুত্ব ও তাৎপর্যের উপর অনুষ্ঠিত আলোচনায় প্রবাসী বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ অংশগ্রহণ করেন। গ্রীসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মো: জসীম উদ্দিন তাঁর বক্তব্যে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক নেতৃত্বের কথা উল্লেখ করেন। তিনি প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের উন্নয়ন কর্মসূচিতে প্রবাসী বাংলাদেশি নাগরিকদের একযোগে কাজ করারও আহ্বান জানান। নিবেদিতা নাথ ও কাজী মোশারেফা নিগার সুরভীর উপস্থাপনায় দূতাবাস সদস্যদের এবং স্থানীয় দোয়েল সাংস্কৃতিক সংগঠনের অংশগ্রহণে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান বিপুল সংখ্যক দর্শক উপভোগ করেন। গ্রীসে বসবাসরত প্রবাসী বাংলাদেশিদের মাঝে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের অনুষ্ঠান সৃষ্টি করে এক মিলনমেলা। তাঁদের প্রাণবন্ত ও স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে দূতাবাসে একটি আনন্দঘন পরিবেশের সৃষ্টি হয়।

